চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ৩ অক্টোবর ২০২২ খ্রি.

## চিকিৎসা শেষে দেশে ফিরলেন সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী চিকিৎসা শেষে দিল্লি থেকে বিমান যোগে হযরত শাহ্ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে আজ সোমবার দুপুর ২টায় অবতরণ করেন। বিমান বন্দরে সিটি মেয়রকে ফুলেল শুভেচ্ছা ও স্বাগত জানান চসিকের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম, প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, সাধারণ কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, হাজী নুরুল হক, গোলাম মোহাম্মদ চৌধুরী, ড. নিছার উদ্দিন আহমদ মঞ্জু, আবদুল মান্নান, মো. ইলিয়াছ, মো. নুরুল আলম, হাসান মুরাদ বিপ্লব, শৈবাল দাশ সুমন, আতাউল্লাহ চৌধুরী, গোলাম মোহাম্মদ জোবায়ের, মোহাম্মদ জাবেদ, অধ্যাপক মো. ইসমাইল, মো. শেখ জাফরুল হায়দার চৌধুরী, গাজী শফিউল আজিম, এম আশরাফুল আলম, মো. শফিকুল ইসলাম, শাহেদ ইকবাল বাবু, জিয়াউল হক সুমন, সলিম উল্লাহ বাচ্চু, মো. নরুল আমিন, মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, নুর মোস্তফা টিনু, পুলক খাস্তগীর, মো. মোর্শেদ আলী, সংরক্ষিত কাউন্সির শাহনুর বেগম, জেসমিন পারভীন জেসী, আঞ্জুমান আরা, তসলিমা বেগম নুরজাহান, শাহীন আকতার রোজী, রুমকি সেনগুপ্ত, জাহেদা বেগম পপি, হুরে আরা বেগম, চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম সহ বিভাগীয় ও শাখা প্রধানগন এবং চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ নেতৃবৃন্দ। উল্লেখ্য মেয়র চিকিৎসার জন্য গত ১৭ সেপ্টেম্বর দিল্লী যান।

বিমান বন্দরে উপস্থিত সবার উদ্দেশ্যে মেয়র রেজাউল করিম চৌধুরী বলেন, একটি অশুভ চক্র দেশকে নৈরাজ্যে সৃষ্টির পায়তার চালাচ্ছে। আমাদেরকে ঐক্যবদ্ধভাবে এই এই নৈরাজ্যকারিদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে এবং প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশ বাস্তবায়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। তিনি বিমান বন্দরে উপস্থিত সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

বিশ্ব বসতি দিবসের আলোচনা সভায় ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম

## পরিকল্পিত আবাসন গড়ার মাধ্যমে নিরাপদ ও বাসযোগ্য নগরী গড়তে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম বলেন, বর্তমান সরকার নগর ও গ্রামাঞ্চলের জীবনমানের বৈষম্য দূরীকরণে নানামুখী কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে দেশের কোন মানুষ যাতে গৃহহীন না থাকে সেজন্য সরকার নিরলসভাবে কাজ করছে। তারই ধারাবাহিকতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন ওয়ার্ডে গৃহহীনদের গৃহ নির্মাণ করে দেয়ার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। পাশাপাশি বেসরকারি সেবা সংস্থা ব্র্যাক, ইউএনডিপিও নগরের নিম্নআয়ের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। করোনার জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ও দ্রুত নগরায়নের ফলে সৃষ্ট আর্থসামাজিক বৈষম্য হ্রাসের জন্য "আর নয় বৈষম্য, পরিকল্পনা হোক সবার জন্য" সময়োপযোগী ও তাৎপর্যপূর্ণ এ প্রতিপাদ্যের সফল বাস্তবায়নই হবে বিশ্ব বসতি দিবসের অঙ্গীকার। আজ সোমবার সকালে টাইগারপাসস্থ চসিকের অস্থায়ী কার্যালয়ের সম্মেলন কক্ষে আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের উদ্যোগে ইউএনডিপি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় বিশ্ব বসতি দিবস-২২ পালনোপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথাগুলো বলেন।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে এতে আরো বক্তব্য রাখেন-ইউএনডিপির টাউন ম্যানেজার মোঃ সরোয়ার হোসেন খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা মাইনুল ইসলাম চৌধুরী জয় সহ উপকার ভোগীগণ। এ সময় উপস্থিত ছিলেন-মেয়র এর একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, ব্র্যাকের কর্মকর্তা, ইউডিপি সদস্যবৃন্দ।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, প্রাধামন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ সারা বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ, করোনা অতিমারি মোকাবেলা ও সংঘাতময় বিশ্ব পরিস্থিতিতেও প্রধানমন্ত্রীর সময়োপযোগী পদক্ষেপের কারণে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আজ দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের তুলনায় ঊর্ধ্বমুখী। তিনি আরো বলেন, বাংলাদেশের

উপর জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব, বিশাল উপকূলীঞ্চল এবং দেশের আনাচে কানাচে ছড়িয়ে থাকা নদ-নদীর কারণে প্রতিনিয়ত ভূমিহীন ও গৃহহীন হওয়া বিশাল জনগোষ্ঠীকে সরকার পুনর্বাসন করছে যা ছিন্নমূল ও অসহায় মানুষের দারিদ্র্য বিমোচনে নতুন দ্বার উন্মোচিত হচ্ছে।

সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, সুনির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী নগরীর প্রতিটি ক্ষেত্রে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বাংলাদেশ বৈশ্বিক উষ্ণায়নের কারণে ক্ষতিগ্রস্থ হচ্ছে তথাপি সরকারের যুগোপযোগী পদক্ষেপে নাগরিকদের জীবনমানের উন্নয়ন সাধিত হচ্ছে। চট্টগ্রামকে নগরীকে বাসযোগ্য হিসেবে গড়ে তুলতে নগরীতে বসবাসরত সকল জনগণের জন্য নিরাপদ আবাসন নিশ্চিত করা অত্যাবশ্যক।
ইউএনডিপির টাউন ম্যানেজার মোঃ সরোয়ার হোসেন খান বলেন, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষমাত্রা অর্জনে জাতীয়, স্থানীয় সরকারগুলো এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের অংশগ্রহণে শহরের বাসিন্দাদের জীবনমান উন্নত করণ এবং ক্রমবর্ধমান বৈষম্য দূরীকরণে একযোগে কাজ করতে হবে। এ লক্ষ্যে ইউএনডিপি তিন কোটি টাকা অর্থ বরাদ্দ দেবে। ব্রাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম ও ইউএনডিপি সরকারের সহযোগী হিসেবে কাজ করে যাচ্ছে।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## এডিস মশার বংশ বিস্তার রোধে অভিযান
## ৪ ব্যক্তিকে ১৮ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর মোজাফ্‌ফর নগর, চন্দ্রনগর ও বায়েজিদ বোস্তামী রোড এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধের লক্ষ্যে এডিস মশার বংশ বিস্তার রোধে জনসচেতনতা সৃষ্টি করা হয়। এই সময় একটি নির্মাণাধীন ভবনের নীচে ও একটি ভবনের ছাদ বাগানে এডিস মশার বংশ বিস্তারের উৎস পাওয়ায় তিন ব্যক্তিকে ১৩ হাজার টাকা ও মোজাফফর নগর এলাকায় পাইলিংয়ের কাদামাটি নালায় ফেলে পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে এক ব্যক্তিকে ৫ হাজার টাকা সহ ১৮ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩